

প্রকা/এমটিএফপি এন্ড বিসিডি সার্কুলার লেটার নং-০৬/২০২৩

তারিখ : ২৩.১১.২০২৩

বিভাগীয় মহাব্যবস্থাপক, রাজশাহী/রংপুর
সকল জোনাল ব্যবস্থাপক
উপ-মহাব্যবস্থাপক, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা
ব্যবস্থাপক (সহকারী মহাব্যবস্থাপক), স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী
সকল শাখা ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

বিষয়: রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের মাসিক মুনাফা স্কীম (RMPS) এর সুদ হার পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

মহোদয়

উপর্যুক্ত বিষয়ে গত ২২ নভেম্বর ২০২৩ তারিখে রাকাব পরিচালনা পর্যদের ৫৭৩ তম সভায় রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের মাসিক মুনাফা স্কীম (RMPS) এর সুদ হার পরিবর্তন/পুনঃনির্ধারণের লক্ষ্যে একটি সারসংক্ষেপ উপস্থাপন করা হলে পর্যদ কর্তৃক তা নিম্নোক্তভাবে অনুমোদিত হয়:


(১)	স্কীমের মেয়াদকাল	:	০৩ (তিন) বছর
(২)	সুদহার	:	৮.০০% (সরল সুদে)
(৩)	এককালীন টাকার পরিমাণ	:	সর্বনিম্ন ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ও এর গুণিতক
(৪)	প্রাপ্য টাকার পরিমাণ	:	প্রতি ৫০,০০০/- টাকায় মাসিক ৩৩৩/- টাকা
# সরকারি নির্দেশনা মোতাবেক উৎসে কর ও আবগারী শুল্ক কর্তন প্রযোজ্য।			

০২। পরিবর্তিত ৮% সুদ হার ২৬.১১.২০২৩ তারিখ হতে কার্যকর হবে। রাকাব মাসিক মুনাফা স্কীম (RMPS) পরিচালনা বিষয়ে গত ২২.০৯.২০২০ তারিখের শানিবি সার্কুলার নং-০৮/২০২০ এ বর্ণিত অন্যান্য শর্তাবলী যথারীতি অপরিবর্তিত থাকবে। তবে সুদহার পুনঃনির্ধারণ সংক্রান্ত এ বিভাগের সার্কুলার লেটার নং-০২/২০২২ তারিখ ২৫.০৪.২০২২ এর ০২ (ক) অনুচ্ছেদে বর্ণিত “সরকারী নির্দেশনা মোতাবেক উৎসে কর ও আবগারী শুল্ক কর্তন প্রযোজ্য। তবে মূল টাকা থেকে আবগারী শুল্ক কর্তন করা যাবে না।” এর পরিবর্তে “সরকারী নির্দেশনা মোতাবেক উৎসে কর ও আবগারী শুল্ক কর্তন প্রযোজ্য।” প্রতিস্থাপিত হবে।

০৩। এতদ্বিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে মানিভারিং, টেরোরিস্ট ফাইন্যান্সিং প্রিভেনশন এন্ড ব্রাঞ্চেস কন্ট্রোল ডিপার্টমেন্ট-এ যোগাযোগ করা যেতে পারে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত


২৩/১১/২৩

(মুহাঃ হাফিজুল ইসলাম)


উপ-মহাব্যবস্থাপক

প্রকা/এমটিএফপি এন্ড বিসিডি-৮(৪৯)/২০২৩-২০২৪/৮৪১(৪০৫)/৫৭

তারিখ: ৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

- ০১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্যদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান/ইউনিট/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। উপ-মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী-কে সার্কুলার লেটারটি রাকাব-এর ওয়েবসাইটে প্রদর্শন এবং CBS সিস্টেমে পুনঃনির্ধারিত সুদহার কার্যকর করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৭। প্রকল্প পরিচালক, এসইসিপি, রাজশাহী।
- ০৮। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ০৯। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।



(খঃ মাশফিকুল হাসান)

কর্মকর্তা